



# রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দির প্রাক্তনী অ্যাসোসিয়েশন

বেলুড় মঠ, হাওড়া - ৭১১২০২

## পুনর্মিলন-২০২৬

রবিবার, ১৮ই জানুয়ারি ২০২৬

সকাল ৯ টা - বিকাল ৪ঃ৩০ টা



প্রিয় প্রাক্তনী,

সময় গড়িয়ে চলে নিরবধি নদীর স্রোতের মতোই — কিন্তু স্মৃতির অলিন্দে আজও ঝিলমিল করে জ্বলে ওঠে শিক্ষণমন্দিরে কাটানো সেই সোনালি দিনগুলির আলো। হাসি-কান্না, প্রত্যাশা ও অজস্র স্বপ্নের মায়াবী ছোঁয়ায় গাঁথা আমাদের সেই দিনগুলো আজও হৃদয়ের গভীরে অনির্বাণ প্রদীপের মতো জ্বলে। জীবনের বহমান পথে চলতে চলতে বারবারই ফিরে তাকাই সেই চেনা আঙিনার দিকে, যেখানে জীবনগঠনের বীজ বপন হয়েছিল।

আবার এসেছে সেই অমূল্য মুহূর্তগুলিকে নতুন করে ছুঁয়ে দেখার আনন্দঘন সময়। পুরানো স্মৃতি-পাতার ধুলো ঝেড়ে, 'আয়রে সখা প্রাণের মাঝে আয়' — কোলাহল ফিরিয়ে আনার স্বর্ণক্ষণের ডাক। আগামী ১৮ই জানুয়ারি ২০২৬ (রবিবার), সকাল ৯-টায়, আমরা সকলে মিলিত হব রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দিরে। নস্টালজিয়ায় ভর করে স্মৃতির মিলনমেলায় আপনার উপস্থিতি আমাদের আনন্দকে করবে পরিপূর্ণ।

এই আনন্দ-সমাবেশে আপনাকে রইল আমাদের সম্মেহ ও সাদর আমন্ত্রণ।

স্বামী বিদ্যামৃতানন্দ  
অধ্যক্ষ  
রামকৃষ্ণ মিশন  
শিক্ষণমন্দির

ডঃ শিহরন চক্রবর্তী  
সভাপতি  
রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দির  
প্রাক্তনী অ্যাসোসিয়েশন

ডঃ বিশ্বজিৎ চ্যাটার্জী  
সম্পাদক  
রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দির  
প্রাক্তনী অ্যাসোসিয়েশন



Scan for Registration

# অনুষ্ঠানসূচি

সকাল ৭:৩০	শ্রী শ্রী ঠাকুর, মা ও স্বামীজিকে পুষ্পার্ঘ্য প্রদান (ছাত্রাবাসের প্রার্থনাকক্ষে)
সকাল ৯:০০	পতাকা উত্তোলন (মহাবিদ্যালয়ের সামনে)
সকাল ৯:৩০	আগত প্রাক্তনীদেব নাম নিবন্ধীকরণ (রামকৃষ্ণ হলে)
সকাল ১০:৩০	বৈদিক মন্ত্রোচ্চারণের সাথে মূল অনুষ্ঠানের সূচনা (বিবেকানন্দ মণ্ডপে)
সকাল ১০:৩৫	উদ্বোধনী সঙ্গীত
সকাল ১০:৪০	অতিথি বরণ
সকাল ১০:৪৫	স্বাগত ভাষণ - ডঃ বিশ্বজিৎ চ্যাটার্জী, সম্পাদক, রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দির প্রাক্তনী অ্যাসোসিয়েশন
সকাল ১০:৫৫	প্রারম্ভিক ভাষণ - পূজনীয় স্বামী বিদ্যামৃতানন্দজী মহারাজ, অধ্যক্ষ, রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দির
সকাল ১১:০৫	বক্তৃতা - পূজনীয় স্বামী বেদানুরাগানন্দজী মহারাজ, পরীক্ষা নিয়ামক, রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শতাব্দী জয়ন্তী মহাবিদ্যালয়, রহড়া
সকাল ১১:৪৫	বিশেষ ভাষণ - পূজনীয় স্বামী তত্ত্বসারানন্দজী মহারাজ, অধ্যক্ষ, ব্রহ্মচারী প্রশিক্ষণ কেন্দ্র, বেলুড় মঠ
দুপুর ১২:০৫	স্মারক পত্রিকা - 'স্মরণিকা' প্রকাশ
দুপুর ১২:১০	স্মৃতিচারণা ও প্রাক্তনী পরিবেশনা - গান, যন্ত্রসঙ্গীত, কবিতা, হরবোলা ইত্যাদি
দুপুর ১:১০	ধন্যবাদ জ্ঞাপন - ডঃ শিহরন চক্রবর্তী, সভাপতি, রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দির প্রাক্তনী অ্যাসোসিয়েশন
দুপুর ১:২০	সম্মিলিত প্রাক্তনীদেব স্থিরচিত্র গ্রহণ (মহাবিদ্যালয়ের সামনে)
দুপুর ১:৩০	মধ্যাহ্ন ভোজন (ছাত্রাবাসের ভোজনকক্ষে)
দুপুর ২:৩০	খেলাধুলা (মহাবিদ্যালয়-সংলগ্ন মাঠে)
বিকেল ৩:৩০	বার্ষিক সাধারণ সভা (নিবেদিতা হলে)
বিকেল ৪:১৫	সমাপ্তি সঙ্গীত (বিবেকানন্দ মণ্ডপে)

রবিবার, ১৮ই জানুয়ারি ২০২৬

সকাল ৯ টা - বিকাল ৪:৩০ টা